



আবঃবিঃ/নোটিশ/৩২৭/২০২৬

তারিখঃ ১৯ এপ্রিল, ২০২৬

## **M.Sc. Admission Test Result (Session 2024-2025)**

আবহাওয়াবিজ্ঞান বিভাগের এম.এসসি. ইন মেটিয়রলজি প্রোগ্রামের ২০২৪-২০২৫ সেশনে শূন্য আসনে শিক্ষার্থী  
ভর্তির লক্ষ্যে গৃহিত ভর্তি পরীক্ষার ফলাফলঃ

### **Merit List:**

Applicant's SL No.	Applicant Name	Merit Position
6	Al - Tahsin Mahamud Khan	1 <sup>st</sup>
34	Md. Aminul Haque Laskor	2 <sup>nd</sup>
17	Nishat Otoshy Islam	3 <sup>rd</sup>
19	Md. Sahad Hossen	4 <sup>th</sup>
25	Md. Iftekhar Anam	5 <sup>th</sup>
18	Saurav Kumar Bakshi	6 <sup>th</sup>

উপরে উল্লেখিত তালিকার ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সংযুক্ত ভর্তি নির্দেশিকা অনুসারে ভর্তি প্রস্তুতি গ্রহণের অনুরোধ  
জানাচ্ছি।

ড. মোঃ রবিউল আউয়াল  
চেয়ারম্যান

**Dr. Md. Rabiul Awal**  
Chairman  
Department of Meteorology  
University of Dhaka



স্মারক নং: আবঃবিঃ.....৬৪৭২/২০২৬

তারিখ:-----  
০৬ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ

১৯ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

**এম.এস.সি. ইন মেটিয়রলজি প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ**

- ০১। সত্যায়িত ব্যক্তি ছাত্র-ছাত্রীদের এস.এস.সি, এইচ.এস.সি ও স্নাতক (সম্মান) পরীক্ষার সার্টিফিকেট /সাময়িক সার্টিফিকেট এবং মার্কসশীটের ফটোকপি ০২ (দুই) কপি।
- ০২। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৬ (ছয়) কপি রঙ্গিন ছবি।
- ০৩। অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্রের মূলকপি ও ফটোকপি ০১ (এক) কপি।
- ০৪। শিক্ষার্থীদের সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান (স্নাতক) এর প্রধান কর্তৃক চারিত্রিক সনদপত্র মূলকপি ও ফটোকপি ০১ (এক) কপি।
- ০৫। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে অবশ্যই মূল মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।
- ০৬। **Professional** শিক্ষার্থীদের পূর্ণকালীন ছুটির অনুমোদনপত্র সংযুক্ত করতে হবে।

**ভর্তি সংক্রান্ত করণীয়ঃ**

- ০১। শিক্ষার্থীদের বিভাগীয় উন্নয়ন ফি বাবদ ৬,০০০/- (ছয় হাজার টাকা মাত্র) প্রদানপূর্বক বিভাগ থেকে ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে। উন্নয়ন ফি জমা দেওয়ার ব্যাংকের রশিদ বিভাগে পাওয়া যাবে।
- ০২। বিভাগীয় উন্নয়ন ফি প্রদানপূর্বক আগামী ২২/০৪/২০২৬ তারিখ থেকে ৩০/৪/২০২৬ তারিখ পর্যন্ত বিভাগ থেকে ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ ও জমা প্রদান করা যাবে।
- ০৩। সঠিকভাবে পূরণকৃত এবং সকল ডকুমেন্টস সহ ভর্তি ফরম এবং রেজিস্ট্রেশন কার্ড বিভাগে জমা দেওয়ার পর এ সংক্রান্ত বিভাগীয় কার্যক্রম সম্পাদনপূর্বক বিভাগ থেকে উক্ত ভর্তি ফরম এবং রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের সংশ্লিষ্ট হল অফিসে প্রেরণ করা হবে। ভর্তি ফরম জমা দেওয়ার পর শিক্ষার্থীদের হল নির্ধারণ করা হবে এবং এ বিষয়ে নোটিশের মাধ্যমে অবহিত করা হবে। শিক্ষার্থীদের পরবর্তিতে সংশ্লিষ্ট হল অফিসে যোগাযোগ করে হল সংক্রান্ত কার্যক্রম এবং ফি প্রদান সম্পন্ন করতে হবে। হল ফি হল কর্তৃক নির্ধারিত হয়ে থাকে যা হল ভেদে ভিন্ন হতে পারে। হল এর কার্যক্রম সম্পন্ন করার পর হল অফিস উক্ত ভর্তি ফরম এবং রেজিস্ট্রেশন কার্ড রেজিস্ট্রার ভবনের শিক্ষা-২ শাখায় প্রেরণ করবে। ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন কার্ড হল থেকে শিক্ষা-২ শাখায় পৌছানোর পর যাচাই-বাছাই পূর্বক শিক্ষা-২ শাখা থেকে শিক্ষার্থীদের ভর্তির তারিখ প্রদান করা হবে। উক্ত তারিখের মধ্যে প্রশাসনিক ভবনের ১২৪ নং কক্ষে গিয়ে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি ফি প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে হল এবং রেজিস্ট্রার ভবনের কার্যক্রম সম্পন্ন না করলে ভর্তি প্রক্রিয়া স্থগিত থাকবে।

বিঃ দ্রঃ উপরিউল্লিখিত সকল কাগজপত্রের ফটোকপি ও ছবি আবহাওয়াবিজ্ঞান বিভাগের শিক্ষক দ্বারা সত্যায়িত করে ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে। এ উদ্দেশ্যে সকল ডকুমেন্টস-এর মূল কপি সঙ্গে আনতে হবে।

ড. মোঃ রবিউল আউয়াল  
চেয়ারম্যান  
আবহাওয়াবিজ্ঞান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়

**Dr. Md. Rabiul Awal**  
Chairman  
Department of Meteorology  
University of Dhaka